# এনজিও কুষ্টিয়া

## Web: ngokushtia.net

## এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল সংক্রান্ত বিশেষ সভার কার্যবিবরনী

তারিখ : ১৮ আগষ্ট ২০২০

অদ্য ১৮ আগষ্ট ২০২০ তারিখ সকাল ১০:০০ টায় আশা জেলা কার্যালয়ে কুষ্টিয়া জেলাধীন কিছু শীর্ষ পর্যায়ের এনজিও-দের নিয়ে **"এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল বিষয়ক"** তাৎক্ষণিকভাবে আয়োজিত একটি বিশেষ সভার আয়োজন করা হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব এম আর ইসলাম, সহকারী নির্বাহী পরিচালক, দিশা। সভায় উপস্থিতির তালিকা অত্রসাত সংযুক্ত করা হ'ল।

<u>সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ</u>

| বিষয় | অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **০১. এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল (ngokushtia.net) সচল রাখা।** | জেলা প্রশাসন, কুষ্টিয়ার উদ্যোগে এবং কুষ্টিয়া জেলা এনজিও-দের সর্বাত্মক সহযোগিতায় ০৪ অক্টোবর ২০১৪ তারিখে এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল খোলা হয়; যার নামকরণ হয় ngokushtia.net। পরবর্তীতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তৎকালিন দায়িত্বরত মাননীয় তথ্য মন্ত্রী জনাব হাসানুল হক ইনু কুষ্টিয়া পৌর অডিটরিয়ামে একটি অনুষ্ঠানে ওয়েব পোর্টালটির আনুষ্ঠানিক উদ্ভোধন ঘোষনা করেন।<br><br>এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টালটি খোলা এবং সচল রাখার জন্য অর্থায়ন ও যাবতীয় পরিচালনা বিষয়ক কর্মকান্ড অব্যাহত রাখতে জেলা এনজিও সমন্বয় সভার সিদ্ধান্তক্রমে জেলা প্রশাসন, কুষ্টিয়া (১) জনাব মোঃ আব্দুল কাদের, নির্বাহী পরিচালক, সেতু, (২) জনাব মোঃ এনামুল হক, নির্বাহী পরিচালক, কেপিইউস, (৩) জনাব এম আর ইসলাম, সহকারী নির্বাহী পরিচালক, দিশা, (৪) জনাব মোঃ মোতাহার হোসেন, জেলা ব্র্যাক প্রতিনিধি, ব্র্যাক, কুষ্টিয়া ও (৫) জনাব মোঃ আনোয়ার হোসেন বুলবুল, এডাব প্রতিনিধি, এডাব, কুষ্টিয়া-দের নিয়ে একটি "এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটি" গঠন করেন।<br><br>বর্তমানে ওয়েব পোর্টালটির উপর আমাদের যত্নশীল না থাকার কারণে এবং বিশেষকরে অর্থায়নের অভাবে | অর্থ সংগ্রহ করতে হবে এবং এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টালটি নবায়নের মাধ্যমে সচল রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট এনজিও সমূহ। |

| | | | |
|---|---|---|---|
| | সঠিক সময়ে পোর্টালটি নবায়ন করা হচ্ছে না। ফলে ওয়েব পোর্টালটি বন্ধ হওয়ার উপক্রম হয়ে পড়েছে। এমনকি গত ১৭/০৮/২০২০ খ্রিঃ তারিখ নবায়নের শেষ তারিখ থাকায় এবং নবায়ন ফি জমা দিতে না পারায় ওয়েব পোর্টালটি স্বাভাবিকভাবেই বন্ধ হয়ে গেছে। | | |
| ০২. এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটি পূনর্গঠন করা। | পূর্বে গঠনকৃত পরিচালনা কমিটির মধ্যে ২ জনের অনুপস্থিতি এবং বর্তমানে পোর্টালটির দৈন্য দশার কারণে এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটিতে সদস্য সংখ্যা বৃদ্ধিকরণসহ কমিটি পূনর্গঠন করা প্রয়োজন। | চলমান ৪টি এনজিও-র প্রতিনিধি সহ আশা, জাগরণী চক্র ফাউন্ডেশন, শিরোপা ডেভেলপমেন্ট সোসাইটি, ব্যুরো বাংলাদেশ, মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থা এবং এ্যাডো-কে নিয়ে মোট ১০টি সংস্থার ১০ জন প্রতিনিধি নিয়ে একটি এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটি পূনর্গঠন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। কমিটির তালিকা অত্রসাত সংযুক্ত করা হ'ল। | এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটি। |
| ০৩. পোর্টাল নবায়নের জন্য অর্থ সংগ্রহ। | বন্ধ হয়ে যাওয়া ওয়েব পোর্টাল অতি দ্রুত নবায়নের জন্য প্রথমেই নবায়ন ফি বাবদ ৪,০০০/-(চার হাজার) টাকা সংগ্রহের প্রয়োজন। পরবর্তীতে নিয়মিত নবায়ন করা যায় তারও একটি স্থায়ী অর্থায়নের ব্যবস্থাপনা থাকা প্রয়োজন। | সিদ্ধান্ত গৃহীত হয় যে, এই মূহুর্ত্বে পূনর্গঠিত এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটির ১০টি সংস্থা থেকে প্রতি সংস্থার নিকট থেকে ৪০০/-টাকা হিসেবে মোট ৪,০০০/-টাকা সংগ্রহ করতে হবে এবং নবায়নের জন্য নবায়ন কর্তৃপক্ষের নিকট আজই জমা করতে হবে। পরবর্তীতে নিয়মিত নবায়নের স্থায়ী নবায়নের ব্যবস্থাপনার জন্য সদ্য পূনর্গঠিত পরিচালনা কমিটির ১০টি সংস্থা এর ব্যয়ভার বহন করবে। সেক্ষেত্রে প্রতিটি সংস্থা প্রতি বছরের জুলাই মাসের মধ্যে ৪০০/-(চারশত) টাকা হারে কমিটির যুগ্ম আহ্বায়ক জনাব নাজমুন্নাহার-এর নিকট জমা করবে। | এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল পরিচালনা কমিটি। |
| ০৪. ওয়েব পোর্টাল অন্তর্ভুক্ত সংস্থার নিজস্ব তথ্য আপডেট করা। | এনজিও কুষ্টিয়া ওয়েব পোর্টাল অন্তর্ভুক্ত সংস্থা সমূহের নিজস্ব তথ্য সময়ের ব্যবধানে অথবা কর্মকান্ড পরিচালনার তাগিদে মাঝে মধ্যে পরিবর্তন বা পরিমার্জন করার প্রয়োজন হয়ে পড়ে। যেহেতু ওয়েব পোর্টালটির Edit করার Password ওয়েব ডেভেলপার জনাব ময়েদুল হক রিপন নিজে সংরক্ষণ করেন; | এ প্রসঙ্গে সিদ্ধান্ত গৃহীত হয় যে, যিনি বা যাঁদের সংস্থার তথ্যের Edit করার প্রয়োজন হলে তিনি বা তাঁরা সরাসরি ওয়েব ডেভেলপার জনাব ময়েদুল হক রিপন (Mob: 01841-181888; E-mail: moydul@gmail.com)-এর সাথে সরারসরি যোগাযোগ | সংশ্লিষ্ট এনজিও সমূহ। |

| | | | |
|---|---|---|---|
| | সেকারণে আমরা যে কেহ ইচ্ছা করলেই আমাদের তথ্যের Edit-এর কাজ করতে পারবো না। আমাদের তথ্যের Edit-এর কাজ করতে হলে অবশ্যই ওয়েব ডেভেলপারের মাধ্যমেই করতে হবে। আবার ওয়েব ডেভেলপার এ কাজটি বিনা পারিশ্রমিকেও করবেন না। | করবেন। প্রতিবারের Edit ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা ওয়েব ডেভেলপারের নিকট জমা করলে এবং নির্দিষ্ট ফরমেটের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য উক্ত ই-মেইলের মাধ্যমে অথবা সরাসরি প্রেরণ করলে অনায়েসে তথ্য আপডেট করা যাবে। | |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

এম আর ইসলাম
সভাপতি